ন্যূনতম মজুরি ১৭ হাজার, তবু গাজীপুরে শ্রমিক বিক্ষোভ-সংঘর্ষ



ছবি: সংগৃহীত

পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি ১৭ হাজার টাকা নির্ধারণের ঘোষণা এলেও গাজীপুরে শ্রমিক অসন্তোষ থামেনি। বুধবার (২৫ নভেম্বর) সকাল থেকে মহানগরীর বিভিন্ন এলাকায় বিক্ষোভ করে ঢাকা-টাঙ্গাইল ও ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করেছেন শ্রমিকেরা। এতে দুই মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যাত্রী ও চালকদের দুর্ভোগে পড়তে হয়।

সকাল থেকে নাওজোর, চান্দনা চৌরাস্তা, ভোগড়া ও তিনসড়কসহ গাজীপুরের বিভিন্ন স্থানে শ্রমিকেরা সড়কে নেমে বিক্ষোভ করেন। শ্রীপুরের কয়েকটি এলাকাতেও একই কর্মসূচি পালন করা হয়। এ সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সঙ্গে শ্রমিকদের কয়েকটি স্থানে দফায় দফায় সংঘর্ষ হয়।

গাজীপুর শিল্পাঞ্চল পুলিশের পুলিশ সুপার আমজাদ হোসাইন বলেন, কয়েকটি কারখানার শ্রমিকেরা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন। পরিস্থিতি বিবেচনায় আজ কয়েকটি কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছে।

এর আগে মঙ্গলবারও জেলার বিভিন্ন এলাকায় শ্রমিক বিক্ষোভ ও সংঘর্ষের ঘটনা ঘটে। ওই দিন অসন্তোষের কারণে ৭০টি কারখানায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়। পাশাপাশি ৩২টি কারখানা অনির্দিষ্টকালের জন্য বন্ধ রাখা হয়। কোনাবাড়ী, জরুন, মৌচাক, ভোগড়া, মেম্বারবাড়ি ও বাঘের বাজারসহ বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়ে বিক্ষোভ।

উল্লেখ্য, তৈরি পোশাকশ্রমিকদের ন্যূনতম মাসিক মজুরি ১২ হাজার ৫০০ টাকা থেকে বাড়িয়ে ১৭ হাজার টাকা নির্ধারণ করেছে নিম্নতম মজুরি বোর্ড। মঙ্গলবার রাতে বোর্ডের সভায় ভোটাভুটির মাধ্যমে এ সিদ্ধান্ত নেওয়া হয়।